

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস্ বন্ড কমিশনারেট

৩৪২/১, সেগুন বাগিচা

ঢাকা-১০০০।

নথি নং-৫(১৩)১৯/বন্ডঃ কমিঃ(সদর)/স্থায়ী আদেশ/০২/১৫২৬৯(১-৮৮)

তারিখ : ০৫/০৮/২০০২

-ঃ আদেশ :-

বিষয় : বন্ড লাইসেন্সের মালিকান পরিবর্তন প্রসঙ্গে ।

কাস্টমস্ বন্ড কমিশনারেটে, ঢাকার বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের বন্ডারগণের মধ্যে অনেকেই লাইসেন্সের মালিকানা পরিবর্তনের জন্য আবেদন করে থাকেন । এখন থেকে এই বিষয়ে অনুমোদন দেয়ার আগে নিম্নলিখিত সতর্কতাসমূহ অবলম্বন করার নির্দেশ দেয়া হলো :

- (১) হালনাগাদ অডিট কার্য সম্পাদন করা আছে কি-না এবং সরকারী কোন পাওনা আছে কিনা; তা পুংখানুপুঞ্জরূপে পরীক্ষা করতে হবে । হালনাগাদ অডিটসম্পন্ন না থাকলে এবং সরকারের পাওনা থাকলে মালিকানা পরিবর্তনের অনুমোদন দেয়া যাবে না । এই ক্ষেত্রে পূর্বের মালিকের দায়দেনা নতুন মালিক বহন করবেন, মর্মে কোন অঙ্গিকারনামা কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না ।
- (২) কোন আদালতে প্রতিষ্ঠানের নামে কোন মামলা থাকলে তা নিষ্পত্তি ব্যতিরেকে অথবা আদালত কর্তৃক প্রদত্ত কোন নির্দেশ থাকলে তা প্রতিপালন ব্যতিরেকে মালিকানা পরিবর্তনের অনুমোদন করা যাবে না ।
- (৩) মালিকানা পরিবর্তনের বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য সকল দপ্তর যেমন বিনিয়োগ বোর্ড, জয়েন্ট স্টক কোম্পানী মূখ্য আমদানী রপ্তানী নিয়ন্ত্রকের দপ্তর, ভ্যাট নিবন্ধন ইত্যাদিসহ অন্যান্য সকল দলিলাদিতে পরিবর্তনের অনুমোদন থাকতে হবে ।
- (২) লিয়েন ব্যাংক/ব্যাংক কর্তৃপক্ষের অনাপত্তি পত্র থাকতে হবে ।

[হাসিনা খাতুন]

কমিশনার